

الرَّشِيد

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৯৮ তম নাম 'الرَّشِيد' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'الرَّشِيد' শব্দের মূল ر - ش - د , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৯ বার এসেছে। সঠিক পথ, সত্য পথ, সঠিক পথ দেখানো ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الرَّشِيد অর্থ: 'তিনি সত্য, তিনিই সঠিক'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

لَا إِكْرَاهَ فِي الدِّينِ قَدْ تَبَيَّنَ الرُّشْدُ مِنَ الْغَيِّ ﴿٢٥٦﴾

দ্বীন (ইসলাম) গ্রহণের ক্ষেত্রে বাধ্যবাধকতা ও বল প্রয়োগ নেই। সঠিক পথকে উজ্জ্বল পরিষ্কার করে দেয়া হয়েছে ভ্রান্তপথ থেকে। (সূরা আল বাকারা: আয়াত নং ২৫৬)

জ্বীন সম্প্রদায়ের কিছু সংখ্যক জ্বীন মুহাম্মদ সা: থেকে কোরআন শ্রবন করার পর বলেছিল:

وَأَنَا لَا نَذْرِي أَشْرًا أُرِيدُ بِمَنْ فِي الْأَرْضِ أَمْ أَرَادَ بِهِمْ رَبُّهُمْ رَشَدًا ﴿١٠﴾

আমরা জানিনা, বিশ্ববাসীর মন্দই কি চাওয়া হচ্ছে, নাকি তাদের প্রভু তাদের সঠিক পথে আনতে চাইছেন। (সূরা আল জিন: আয়াত নং ১০)

মুসলিম শরীফের হাদীস:

যে ব্যক্তি সঠিক পথের দিকে ডাক দেয়, তার জন্য এ পথের অনুসারীদের বিনিময়ের সমান বিনিময় হবে। এতে তাদের বিনিময় কিছুমাত্র কম হবে না। আর যে ব্যক্তি ভ্রান্ত পথের দিকে ডাক দেয়, তার উক্ত পথের অনুসারীদের গুনাহের সমান গুনাহ হবে। এতে তাদের গুনাহ কিছুমাত্র কম হবে না।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা! আসুন, আমরা সঠিক পথ অনুসরণ করি। সঠিক পথ হলো কোরআন ও সহীহ হাদীসে (সিহাহ সিত্তাহ) যা বর্ণিত হয়েছে তাই। কুরআন বুঝা সহজ যেটা আল্লাহ কোরআনে সূরা আল কামারে বারবার বলেছেন, সাধারণত বুদ্ধি সম্পন্ন যে কোন পুরুষ-নারী কোরআন ও হাদীস বার বার পাঠ করলে সে

অবশ্যই সঠিক পথের সন্ধান পাবো। সর্বোপরি আল্লাহর কাছে সাহায্য চাইতে হবে। তিনিই কোরআন-হাদীস বোঝা সহজ করে দিবেন এবং সঠিক পথের সন্ধান দান করবেন। আসুন আমরা শিরকমুক্ত সঠিক পথে চলি। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা।